# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

(প্রশাসন বিভাগ)
ময়মনসিংহ।
www.mcc.gov.bd

স্মারক নং: ৪৬.২১.৬১০০.০০৪.১৮.৯৯৪.২৪.১৮৮৭

তারিখ : ১৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের সারসংক্ষেপ প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখার নম্বর- ৪৬.০৭০.০৫২০০.০০.০১৮৩.১১-৮৩৬ তারিখঃ ১৮/০৭/২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৪৩ ধারা মোতাবেক ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক ও উন্নয়নমূলক প্রতিবেদন নির্দেশিকা অনুযায়ী প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১২........... পাতা।

৩/১০/২৪

(মোঃ ইউসুফ আলী)
যুগ্মসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।
ফোনঃ ০২৯৯৬৬৬৭৪৪৬ (অফিস)
Email: ceo@mcc.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ:
মহাপরিচালক
পরিকল্পনা, পরিবীক্ষণ মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

১. প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২. উপসচিব, সিটি কর্পোরেশন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৪. জনাব ব্রজ কিশোর ত্রিপুরা, সিটি গভর্ন্যান্স স্পেশ্যালিষ্ট, JICA-C4C-2 project.
৫. অফিস কপি।

# ময়মনসিংহ সিটি কর্পোরেশন
## ময়মনসিংহ

### বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের সার সংক্ষেপ

**অর্থবছর ২০২৩-২০২৪**



## ১. ভূমিকা: এক নজরে ময়মনসিংহ সিটি কর্পোরেশন

| | | |
|---|---|---|
| ১ | বিভাগের নাম | ময়মনসিংহ |
| ২ | সিটি কর্পোরেশন এর নাম | **ময়মনসিংহ সিটি কর্পোরেশন** |
| ৩ | প্রতিষ্ঠাকাল | ১৪ অক্টোবর ২০১৮খ্রিঃ |
| ৪ | সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র | মোঃ ইকরামুল হক টিটু |
| ৫ | বিলুপ্ত পৌরসভা স্থাপনের তারিখ | ৮ই এপ্রিল ১৮৬৯ |
| ৬ | পৌরসভার প্রথম চেয়ারম্যান | মি. আরপর্চা |
| ৭ | আয়তন | ৯১.৩১৫ বর্গকি.মি. |
| ৮ | সীমানা | উত্তরে-খাগডহর, দক্ষিণে- সুতিয়াখালী, পূর্বে-চরঈশ্বরদিয়া, পশ্চিমে-দাপুনিয়া ইউনিয়ন অবস্থিত। |
| ৯ | জনসংখ্যা | ৮ লক্ষ ৫০ হাজার প্রায় |
| ১০ | ভোটার সংখ্যা | ৩ লক্ষ ৩৬ হাজার ৪৯৬ জন। |
| ১১ | ওয়ার্ড সংখ্যা | ৩৩টি |
| ১২ | হোল্ডিং সংখ্যা | ৭৬০০০ প্রায় (সরকারী: বে-সরকারী)সিটি |
| ১৩ | সিটি কর্পোরেশনের বিভাগ সংখ্যা | ১১ টি |
| ১৪ | সিটি কর্পোরেশনের অঞ্চল | ৩টি |
| ১৫ | নগর মাতৃসদন | ১টি |
| ১৬ | প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র | ৩টি |
| ১৭ | প্রাথমিক বিদ্যালয় | ২টি |
| ১৮ | পাঠাগার | ১টি |

### ১.১ ঐতিহাসিক পটভূমি

**সিটি কর্পোরেশনের উৎপত্তি**

ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) বাংলাদেশের একটি নতুন সিটি কর্পোরেশন হলেও এর ভিত্তি ময়মনসিংহ পৌরসভার ঐতিহ্যবাহী ইতিহাসের উপর নির্মিত। এটি দেশের ১২তম সিটি কর্পোরেশন হিসেবে ঘোষণা করা হয় ২০১৮ সালের ২ এপ্রিল এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে ২০১৮ সালের ১৪ অক্টোবর আনুষ্ঠানিকভাবে এর কার্যক্রম শুরু হয়। ময়মনসিংহ পৌরসভার সাথে পাশ্ববর্তী অঞ্চল সমূহ সংযুক্ত করে গঠিত হয় এই সিটি কর্পোরেশন। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মোট আয়তন ৯১.৩১৫ বর্গ কিলোমিটার এবং এর জনসংখ্যা ৮ লক্ষাধিক। সিটি কর্পোরেশনটির সদর উপজেলার কিছু অংশ এবং ব্রহ্মপুত্র নদের পূর্ব ও পশ্চিম তীর কেন্দ্র করে এর এলাকা নির্ধারণ করা হয়েছে।

**ময়মনসিংহ পৌরসভার ইতিহাস**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ইতিহাস শুরু হয় ১৮৬৯ সালে, যখন ময়মনসিংহ পৌরসভা (তৎকালীন নাসিরাবাদ পৌরসভা) স্থাপিত হয়। এটি বাংলাদেশে প্রতিষ্ঠিত প্রথম পৌরসভাগুলোর মধ্যে অন্যতম এবং ভারত উপমহাদেশের দ্বিতীয় প্রাচীন পৌরসভা। ১৮৬৯ সালের ১ এপ্রিল নাসিরাবাদ টাউন কমিটি নামে প্রতিষ্ঠিত হয়, যার আয়তন ছিল ২.১৫ বর্গ কিলোমিটার। পরবর্তীতে ১৯০৫ সালে এর নাম পরিবর্তন করে রাখা হয় ময়মনসিংহ মিউনিসিপালিটি।

ময়মনসিংহ পৌরসভার প্রাথমিক কালে, এর উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রম জেলা ম্যাজিস্ট্রেটের অধীনে পরিচালিত হতো। প্রথম অফিসিয়াল চেয়ারম্যান ছিলেন মি. আরপর্চা, এবং ১৮৮৬ সালে প্রথম নন-অফিসিয়াল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেন চন্দ্রকান্ত ঘোষ। এছাড়াও উল্লেখযোগ্য যে, ১৯৪৮ সালে প্রথম মুসলিম চেয়ারম্যান পদে আসীন হন খান বাহাদুর গিয়াস উদ্দিন পাঠান।

১৮৮৪ সালে ময়মনসিংহ পৌরসভায় প্রথম কেরোসিন বাতি জ্বালানো হয়, যা শহরের আলোকিতকরণের প্রাথমিক উদ্যোগ ছিল। পরে ১৯৩৫ সালে জমিদার মহারাজ শশীকান্ত আচার্য্য চৌধুরী নিজস্ব উদ্যোগে ডিসি পাওয়ার হাউস চালু করেন, যা আজও "বাতির কল" নামে পরিচিত।

ময়মনসিংহ পৌরসভার ঐতিহাসিক উদ্যোগগুলোর মধ্যে অন্যতম প্রধান একটি উদ্যোগ হলো ১৮৯১ সালে মহারাজ সূর্যকান্ত আচার্য্য চৌধুরীর উদ্যোগে জলকল স্থাপন। তাঁর স্ত্রীর নামে "রাজ রাজেশ্বরী ওয়াটার ওয়ার্কস" নামে এটি পরিচিত হয়। পরে ১৮৯৩ সালে ময়মনসিংহ পৌরসভা এই জলকল ব্যবস্থার দায়িত্ব গ্রহণ করে।

## ১.২ মূল তথ্য

**আঞ্চলিক/জাতীয় প্রেক্ষাপটে নগরের প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ:**
ময়মনসিংহ সিটি কর্পোরেশন ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত। নদীর চারপাশের উর্বর ভূমি কৃষিকাজের জন্য খুবই উপযোগী। সবুজে ঘেরা এ এলাকায় বিভিন্ন জীব বৈচিত্র রয়েছে।

**আঞ্চলিক/জাতীয় প্রেক্ষাপটে নগরের আর্থসামাজিক বৈশিষ্ট্য:**

ময়মনসিংহ সিটিতে বিভিন্ন সংস্কৃতি ও ধর্মের মানুষের সহাবস্থান রয়েছে। শিক্ষা, চিকিৎসায় ও নাগরিকসেবায় উন্নত ময়মনসিংহ নগরীতে পার্শ্ববর্তী অঞ্চল থেকে মানুষ এ শহরে তাদের আবাসস্থল তৈরি করছে এবং নানা প্রয়োজনে এ শহরে যাতায়াত করছে। এখানকার জনসংখ্যার মধ্যে মুসলিম, হিন্দু, এবং অন্যান্য ধর্মাবলম্বীরা রয়েছে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলকায় ২৯১ টি প্রান্তিক জনগোষ্ঠীর এলাকা রয়েছে। এ এলাকাগুলোকে নিম্নবিত্তের মানুষ বসবাস করে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং ময়মনসিংহ মেডিকেল কলেজ, আনন্দমোহন সরকারী কলেজ, সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এ শহরের আর্থসামাজিক প্রেক্ষাপটকে সমৃদ্ধ করেছে।

**আঞ্চলিক/জাতীয় প্রেক্ষাপটে নগরের প্রধান শিল্প-বাণিজ্য:**

ময়মনসিংহ শহরে বিভিন্ন ধরনের ছোট ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে খাদ্য প্রক্রিয়াকরণ, তাঁত বস্ত্র, এবং কাঠের আসবাবপত্র অন্যতম। তবে এ অঞ্চলের বাণিজ্যের মূল ভিত্তি কৃষি। বাণিজ্যের ক্ষেত্রে ময়মনসিংহ একটি গুরুত্বপূর্ণ হাব হিসেবে পরিচিত, বিশেষ করে কৃষিজাত পণ্য এবং মৎস্য ব্যবসার ক্ষেত্রে। ব্রহ্মপুত্র নদী দ্বারা সহজে পণ্য পরিবহন এবং রাজধানী শহর ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা এ বাণিজ্যকে আরও সহজ করেছে।

## ২.ভিশন এবং মিশন:

**রূপকল্প (Vision)**

ভিশনঃ টেকসই ও যুগোপযোগী নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত পরিচ্ছন্ন-সবুজ-আধুনিক নগরী গড়ে তোলা।

**অভিলক্ষ্য (Mission)**

মিশনঃ ১. সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।
২. প্রতিষ্ঠানকে কল্যাণধর্মী করে গড়ে তোলা।
৩. জনগণের অংশগ্রহণের মাধ্যমে ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

## ৩.২০২৩-২৪ অর্থ বছরে উল্লেখযোগ্য অর্জন সমূহ:

| | |
|---|---|
| অবকাঠামো উন্নয়ন | • ২৭.১৮ কি.মি. নগর এলাকায় সড়ক বাতি স্থাপন<br>• ৭২.৭২৬ কি.মি. পানি সরবরাহ লাইন স্থাপন<br>• ৩৫.০০ কি.মি. ড্রেন নির্মাণ/পুনঃনির্মাণ<br>• ৪২.৮৬৬ কি.মি. রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ<br>• ৫.৬২ কি.মি. ফুটপাথ নির্মাণ/পুনঃনির্মাণ |
| বর্জ্য ব্যবস্থাপনা | **২০২৩-২০২৪ অর্জন**<br>১) নৈশকালীন বর্জ্য ব্যবস্থপনা কাজ চলমান।<br>২) ক্লিন সিটি ময়মনসিংহ নামক একটি স্থানীয় সংস্থার মাধ্যমে ভ্যানগাড়ী দ্বারা বাসা-বাড়ীর বর্জ্য ব্যবস্থপনা কাজ চলমান।<br>৩) বৃহৎ পরিষরে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর প্ল্যান নির্মান কার চলমান।<br>৪) সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে আলাদা ভ্যাকুট্যাগ গাড়ীর দ্বারা মানব বর্জ্য পরিশোধন কাজ চলমান।<br>৫) শহরের গুরুত্বপূর্ন স্থানে যত্রতত্র ময়লা ফেলায় সিসি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষন করে মোবাইল কোর্ট পরিচালনা কাজ চলমান।<br>৬) ডেঙ্গু রোগ নিয়ন্ত্রন কার্যক্রমের লক্ষে প্রতিটি ওয়ার্ডে এডিস মশার |

| | |
|---|---|
| | আবাসস্থলগুলো চিহ্নিত করে ঝোপ-জঙ্গল সহ আবাসস্থলগুলো নির্মূল করা কাজ চলমান।<br>৭) শুষ্ক মৌসুমে নিয়মিত শহরের রাস্তাগুলোতে ধুলো-বালি পরিষ্কার করে গাড়ী দ্বারা প্রতিদিন সকালে পানি ছিটানো কাজ চলমান।<br>৮) ওয়ার্ড ভিত্তিক ভাবে নিয়মিত ড্রেন, নর্দমা, খাল, পরিষ্কার কাজ চলমান।<br>**২০২৩-২০২৪ পরিকল্পনা**<br>১) অবৈধ ভাবে দখলকৃত ড্রেন খাল উদ্ধার করা।<br>২) হোটেল বর্জ্যগুলোকে আলাদা করে ব্যবস্থাপনা করা।<br>৩) দোকান বর্জ্যগুলোকে আলাদা করে ব্যবস্থাপনা করা।<br>৪) প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর মাধ্যমে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনা করা। |
| জনস্বাস্থ্য (সংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণসহ) | • ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম পরিচালনা<br>• ৪২টি নলকূপ স্থাপন<br>• ইপিআই, কৃমি নিয়ন্ত্রণ, ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনে শতভাগ লক্ষমাত্রা অর্জন |
| সমাজকল্যাণ, শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি: | • ৩,৭০০ জন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় উপকারভোগীর জীবনমান উন্নয়নে কার্যক্রম পরিচালনা করা হয়েছে। |
| শিশু পার্ক, পার্ক (উদ্যান) : | • ২,৫০০টি গাছ রোপণ |
| প্রশাসনিক উন্নতিকরণ: | • ডি-নথি ব্যবস্থাপনায় অগ্রগতি, বিভিন্ন সেবার ডিজিটালাইজেশন, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ইত্যাদি উদ্যোগ নেওয়া হয়েছে। |
| নাগরিক সম্পৃক্তকরণ: | • নাগরিক সম্পৃক্তকরণে সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডভিত্তিক কার্যক্রম পরিচলনার পাশাপাশি নাগরিকবৃন্দের সাথে বিভিন্ন সভা ও সেমিনার করা হয়েছে। এছাড়া নাগরিক যোগাযোগ বৃদ্ধিতে একটি এন্ডয়েড অ্যাপ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। |
| অন্যান্য উদ্ভাবনীমূলক অর্জন | • বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের মনিটরিং এর জন্য নগরের গুরুত্বপূর্ণ স্থানগুলোয় সিসি টিভি ক্যামেরা স্থাপন<br>• নাগরিকদের অনলাইনে সেবা প্রদানের লক্ষ্যে ৩টি ডিজিটাল সেন্টার পরিচালনা করা হয়<br>• ইনোভেশন শোকেসিং এর আয়োজন করা হয়েছে। |

## ৪. সাংগঠনিক কাঠামো এবং মানবসম্পদ :

| ক্রমিক | অনুমোদিত জনবল | কর্মরত | ২০২৩-২০২৪ অর্থবছরে পূরনকৃত পদসংখ্যা | সৃষ্ট পদ | শূণ্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ৬৩০ | ২১৬ | - | ৪১৭ | ৪১৪ | |

| বিভাগ | কর্মকর্তা/কর্মীর সংখ্যা এবং চুক্তিভিত্তিক কর্মীর সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীর তথ্য |
| প্রধান নির্বাহী কর্মকর্তার অফিস | ১ | - | - | ২ | ৬৫৫ |
| সচিবের অফিস | ২ | ১ | ৮ | ১০ | |
| রাজস্ব বিভাগ | ১ | ২ | ২১ | ২ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| হিসাব বিভাগ | ৩ | - | ৩ | ১ | প্রশাসনিক ও অন্যান্য কাজে সহযোগিতা + ৬৫৬ জন বর্জ্য ব্যবস্থাপনার পরিচ্ছন্নতা কর্মী |
| প্রকৌশল বিভাগ | ৭ | ৩ | ৬৬ | ৩১ | |
| স্বাস্থ্য বিভাগ | ২ | ২ | ২০ | - | |
| বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ | ১ | ১ | ৩ | - | |
| সমাজকল্যাণ বিভাগ | ২ | - | ২ | - | |
| সম্পত্তি বিভাগ | ১ | ১ | - | - | |
| ভান্ডার ও ক্রয় বিভাগ বিভাগ | ১ | - | ২ | | |
| নগর পরিকল্পনা বিভাগ | ১ | - | - | - | |
| পরিবহন ও যান্ত্রিক বিভাগ | ২ | - | ১৪ | - | |
| আঞ্চলিক কার্যালয় | ৩ | | | | |
| **মোট** | ২৭ | ১০ | ১৩৯ | ৪৬ | |
| **সর্বমোট** | ২২১ জন | | | | ১৩১১ জন |

## ৫. বাজেট এবং অর্থ

### ৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী

**(১) প্রাপ্তি/ আয়**

**(ইউনিট: লক্ষ টাকায়)**

| বিবরণ | অর্থবছর ২০২৩-২০২৪ | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত বাজেট (ক) | প্রকৃত (আনুমানিক) (খ) | প্রকৃত প্রাপ্তির হার আনুমানিক (খ/ক×১০০) | প্রকৃত মোট প্রাপ্ত (আনুমানিক) অংশের শতকরা হার |
| রাজস্ব খাতে (আবর্তক) প্রাপ্তি <পানিসহ> | ১১১১৮৯৪৫৯০ | ১১২২৫৩০২৩৩ | ১০১.০০% | ১০১.০০% |
| উন্নয়ন খাতে প্রাপ্তি <পানিসহ> | ৪৬০৯২৮৫৫৭৮ | ৪১৯৭২৯২৫৫২ | ৯১.১% | ৯১.১% |
| মোট প্রাপ্তি | ৫৭২১১৮০১৬৮ | ৫৩১৯৮২২৭৫২ | ৯৩% | ৯৩% |

**(২) পরিশোধ/ ব্যয়**

**(ইউনিট: লক্ষ টাকায়)**

| খাত | অর্থবছর ২০২৩-২০২৪ | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত বাজেট (ক) | প্রকৃত (আনুমানিক) (খ) | প্রকৃত পরিশোধ আনুমানিক এর হার (খ/ক×১০০) | প্রকৃত মোট প্রাপ্ত (আনুমানিক) অংশের শতকরা হার |
| রাজস্ব খাতে (আবর্তক) প্রাপ্তি <পানিসহ> | ১১১১৮.৯৪ | ১১০৪৭.৫৫ | ১০১.০০% | ১০১.০০% |
| উন্নয়ন খাতে প্রাপ্তি <পানিসহ> | ৪৬০৯২.৮৫ | ৪১৯৭২.৯২ | ৯১.১% | ৯১.১% |
| মোট প্রাপ্তি | ৫৭২১১.৮০ | ৫৩১৯৮.২২ | ৯৩% | ৯৩% |

### ৫.২ রাজস্ব আদায়ে দক্ষতা

**(১) হোল্ডিং ট্যাক্স** (ইউনিট: টাকা হাজারে)

| বিবরণ | অর্থবছর ২০২২/২৩ | অর্থবছর ২০২৩/২৪ | | |
|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট চাহিদা | প্রকৃত(আ) | সংগ্রহের হার অ/আ x ১০০ |
| ভূমি ও ইমারতের উপর (ট্যাক্স.........৭%) | ৭,৫০,৫৬,৭৩১ | ১৮,২৭,৯১,১১৪ | ৯,৪৭,৯১,৯৩৩ | ৫১.৮৬% |
| কঞ্জারভেন্সি রেইট (.........৭%) | ৭,৫০,৫৬,৭১৩ | ১৮,২৭,৯১,১১৪ | ৯,৪৭,৯১,৯৩৩ | ৫১.৮৬% |
| সড়কবাতি রেইট (.........৩%) | ৩,২১,৬৭,১৭০ | ৭,৮৩,৩৯,০৫৮ | ৪,০৬,২৫,১১৪ | ৫১.৮৬% |
| পানি সরবরাহ রেইট (.........৫%) | ৫,৩৬,১১,৯৫০ | ১৩,০৫,৬৫,০৮০ | ৬,৭৭,০৮,৫২৫ | ৫১.৮৬% |
| **মোট হোল্ডিং ট্যাক্স (.........২২%)** | **২৩,৫৮,৯২,৫৮২** | **৫৭,৪৪,৮৬,৩৫৬** | **২৯,৭৯,১৭,৫০৫** | **৫১.৮৬%** |

### ৬. অবকাঠামো উন্নয়ন

**(১) ২০২৩-২০২৪ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহ এবং উল্লেখযোগ্য মেরামত কার্যক্রম**

| ক্রমিক | ২০২৩-২৪ অর্থবছরে গৃহীত প্রকল্প | | | | ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্ত প্রকল্প | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ড্রেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্প। | সড়ক | ৭৩.০৫ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ৩৪০১.৭ | ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ড্রেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্প। | সড়ক | ৭১.২৫ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ৩৩২৬.২০ | |
| | | ড্রেন | ৪৩.২৯ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ৩৩৪৬.৪ | | ড্রেন | ৪২.৫৭ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ৩২৯০.৯০ | |
| | | ফুটপাত | ৬.০০ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ২১১.০০ | | ফুটপাত | ৫.৬২ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ১৯৬.৭১ | |
| | | কালভার্ট | ৩৫.০০ মিটার | (লক্ষ টাকা) ৩৯.৮৭ | | কালভার্ট | ৩৫.০০ মিটার | (লক্ষ টাকা) ৩৯.৮৭ | |
| | | কবরস্থান ০৬টি | ৬৯৮.০২ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ৬৮.৯১ | | কবরস্থান ০৬ টি | ৬৯৮.০২ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ৬৮.৯১ | |
| | | পার্ক ০২টি | ৪৯৫.৭০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ৮.০২ | | পার্ক ০২ টি | ৪৯৫.৭০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ৮.০২ | |
| | | সৌন্দর্যবর্ধন ০২ টি (ফিরোজ জাহা | ৩০.০০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ২৪.০০ | | সৌন্দর্যবর্ধন ০২ টি (ফিরোজ জাহাঙ্গীর চত্বর ও সৈয়দ নজরুল ইসলাম | ৩০.০০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ২৪.০০ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জীর চত্বর ও সৈয়দ নজরুল ইসলাম স্কয়ার) | | | | স্কয়ার) | | | |
| 02 | উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত প্রকল্প (ডিএ) | সড়ক | ১.৪৭৫ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ২৪৬.৫৪ | উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত প্রকল্প (ডিএ) | সড়ক | ১.৪৭৫ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ২৪৬.৫৪২ | |
| | | ড্রেণ | ০.২৯১ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ৩৪.৯৩৮ | | ড্রেণ | ০.২৯১ কিঃ মিঃ | (লক্ষ টাকা) ৩৪.৯৩৮ | |
| | | মেরামত ০২ টি নগর স্বাস্থ্য সেবা কেন্দ্র | ১৫৯৬.০০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ১৩৩.১৯ | | মেরামত ০২ টি নগর স্বাস্থ্য সেবা কেন্দ্র | ১৫৯৬.০০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ১৩৩.১৯ | |
| | | আঞ্চলিক কার্যালয় ০৩ | ৩৫০.০০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ২৩.২৭ | | আঞ্চলিক কার্যালয় ০৩ | ৩৫০.০০ বর্গ মিঃ | (লক্ষ টাকা) ২৩.২৭ | |

**৭.অবকাঠামো পরিচালনা এবং রক্ষণাবেক্ষণসহ অন্যান্য পরিসেবা প্রদান :**

**সচিবের দপ্তর**

| উল্লেখযোগ্য সেবাসমূহ | বর্ণনা |
|---|---|
| সাধারণের বাজার ব্যবস্থাপনা | ময়মনসিংহ সিটি কর্পোরেশনাধীন বাজার সংখ্যা ১৯টি, যথা- শম্ভুগঞ্জ বাজার, মেছুয়া বাজার, নতুন বাজার, সানকিপাড়া রেল গেইট বাজার, নতুন বাজার তহশীল, সিটি কর্পোরেশন কাঁচা বাজার (কে.বি ইসমাইল রোড), মিন্টু কলেজ রেল গেইট বাজার, কেওয়াটখালী রেলওয়ে বাজার, খাগডহর বাজার, খাগডহর ঘুন্টি বাজার, জিতেন্দ্রগঞ্জ বাজার, কাচিঝুলি বাজার, পাগলার বাজার, কৃষ্টপুর বৌ-বাজার, কালীবাড়ী গুদারাঘাট বাজার, বাকৃবি শেষ মোড় বাজার (ব্যক্তি মালিকানা), জেলখানার ঘাট কাঁচা বাজার (নদীর ওপার), নাটক ঘরলেন কাঁচা বাজার, শম্ভুগঞ্জ বাজার। উক্ত বাজারসমূহে মোট দোকান সংখ্যা -৩৫২০টি । উক্ত বাজারসমূহ হতে রাজস্ব আদায়ের স্বার্থে প্রতি মাসে বিল প্রদান করা হয়। |
| যানজট নিয়ন্ত্রণ | প্রধান প্রধান রাস্তা এবং বাজারের জায়গাগুলিতে ট্রাফিক কর্মীদের নিযুক্ত করা। |
| নাগরিক তথ্যসেবা কেন্দ্র (সিআই এসসি) | নাগরিকদের জন্য ওয়ান স্টপ সেবা সরবরাহ করা অভিযোগ গ্রহণ। |
| সাংস্কৃতিক কার্যক্রম প্রচার | সাংস্কৃতিক, ক্রীড়া এবং অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা।<br>বেসরকারি সংস্থার মাধ্যমে সাংস্কৃতিক, ক্রীড়া এবং অন্যান্য অনুষ্ঠানের স্পন্সর করা। |

**রাজস্ব বিভাগ**

| উল্লেখ্যযোগ্য সেবাসমূহ | বিবরণ |
|---|---|
| ট্রেড লাইসেন্স প্রদান | ২০২৩-২৪ অর্থবছরে অনলাইনে ১৩৮১৭ টি লাইসেন্স নবায়ন করা হয়েছে। |
| অযান্ত্রিক লাইসেন্স প্রদান | ২০২৩-২৪ অর্থবছরে –<br>• অটোবাইক নবায়ন ৫৯৭৪ টি<br>• মটররিক্সা নবায়ন- ৫৬০০ টি<br>• ৩০ এ্যাম্পিয়ার রিক্সা নবায়ন ৫৪০০ টি<br>• সাধারণ রিক্সা নবায়ন ২০৩ টি<br>• ভ্যানগাড়ি নবায়ন ৫৫১ টি |
| বাজার ব্যবস্থাপনা | ১৪৩১ বাংলা সনে<br>• ১৮ টি বাজার ইজারা দেওয়া হয়েছে।<br>• ০৬ বাজারের খাস আদায় হচ্ছে। |
| কসাইখানা | ১৪৩১ বাংলা সনে<br>• ০১ টি কসাইখানা ইজারা দেওয়া হয়েছে। স্যানিটারি ইন্সপেক্টরগণ নিয়মিত পশু জবাইয়ের পূর্বে পশুর সুস্থতাসহ সার্বিক বিষয় তদারকি করে থাকেন। |

**প্রকৌশল বিভাগ**

| উল্লেখ্যযোগ্য পরিসেবাসমূহ | বিবরণ |
|---|---|
| রাস্তা সংস্কার ও রক্ষণাবেক্ষণ | ৪২.৮৬৬ কি.মি. রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ |
| নর্দমা সংস্কার ও রক্ষণাবেক্ষণ | ৩৫.০০ কি.মি. ড্রেন নির্মাণ/পুনঃনির্মাণ |
| সেতু সংস্কার ও রক্ষণাবেক্ষণ | - |
| সড়কবাতি সংস্কার ও রক্ষণবেক্ষণ | ২৭.১৮ কি.মি. নগর এলাকায় সড়ক বাতি স্থাপন |
| গণসৌচাগার সংস্কার ও রক্ষণাবেক্ষণ | নগরীর ৮ টি গণসৌচাগার রক্ষাণাবেক্ষণ করা হয়েছে। |
| জনসাধারণের অংশ/ বিনোদনের স্থান সংস্কার ও রক্ষনাবেক্ষণ | ২৫,০০০টি গাছ রোপণ |
| পানি সরবরাহ ও পানি সরবরাহজনিত সুবিধাদির সংস্কার ও রক্ষণাবেক্ষণ | ৭২.৭২৬ কি.মি. পানি সরবরাহ লাইন স্থাপন, ৪২টি নলকূপ স্থাপন |
| ভবন নিয়ন্ত্রণ | ভবনের নকশা অনুমোদনে বাংলাদেশ বিল্ডিং কোড ২০২০ এবং এ সংশ্লিষ্ট অন্যান্য বিধিবিধান পালন করা হয়। এছাড়া, কোন ভবনমালিক বিল্ডিংকোড অমান্য করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। |
| ঝুঁকিপূর্ণ ভবন নিয়ন্ত্রণ | ঝুঁকিপূর্ণ ভবন নিয়ন্ত্রণে অভিযান পরিচালনা করা হয়। |

**বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ**

| উল্লেখযোগ্য সেবাসমূহ | বর্ণনা |
|---|---|
| বাজার এবং গৃহস্থালী বর্জ্য সংগ্রহ | ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকার মধ্যে ছোট বড় ৩৩ টি বাজার রয়েছে এবং ৭৫ হাজার হোল্ডিং রয়েছে। এসকল বাজার এবং বাসাবাড়ী থেকে দৈনিক প্রায় ৫০০ টন বর্জ্য উৎপাদন হয়। এর মধ্যে প্রায় ৪৭০ টন বর্জ্য অত্র সিটি কর্পোরেশন ব্যবস্থাপনা করতে পারে। এবং অবশিষ্ট্য বর্জ্য লোকবল সংকটের কারণে অপসারণ করা সম্ভব হয় না। ইতিমধ্যে বাসা বাড়ীর বর্জ্য সংগহের জন্য ক্লিন সিটি ময়মনসিংহ নামক একটি স্থানীয় সংস্থা বিভিন্ন ওয়ার্ড হতে বাসা বাড়ী বর্জ্য সংগ্রহ করে ডাম্পিং স্টেশনে পৌছে দেয়ার কাজ করছে। |
| রাস্তা এবং নর্দমা পরিচ্ছন্ন রাখা এবং মনিটরিং | প্রতিদিন রাত্রে ১০:০০ টা হতে শহরের মেইন রোড সহ বিভিন্ন রাস্তা পরিচ্ছন্নকর্মী দ্বারা নিয়মিত ঝাড়ু দেয়া হয় এবং ওয়ার্ড পরিচ্ছন্নকর্মী দ্বারা প্রতিদিন ড্রেন, খাল ও নর্দমা পরিষ্কার করা হয়। নিয়মিত ওয়ার্ড সুপারভাইজাদের মাধ্যমে মনিটরিং করা হয়। |

| | |
|---|---|
| হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনা | নবওয়েষ্ট ম্যানেজম্যান্ট সার্ভিস লিঃ এর মাধ্যমে দৈনিক গড়ে .৫ টন বর্জ্য সংগ্রহ করে বাছাইয়ের ইনসিনারেট করা হয় এবং বৃহৎ পরিষরে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। **প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন লিঃ** তাদের কার্যক্রম শুরু করলে "নব ওয়েষ্ট" নামের প্রতিষ্ঠানটির কার্যক্রম বন্ধ করে দেয়া হবে। |
| গনশৌচাগার পরিচ্ছন্ন রাখা এবং মনিটরিং | ১১ টি গনশৌচাগার ইজারাদারের মাধ্যমে নিয়মিত পরিষ্কার করা হয় এবং সিটি কর্পোরেশন নিয়মিত মনিটরিং করে থাকে। |
| ল্যান্ডফিল ব্যবস্থাপনা | ৩১ নং ওয়ার্ডে চর ঈশ্বরদিয়া নামক স্থানে সিটি কর্পোরেশনের একমাত্র ল্যান্ডফিল স্টেশনে অবস্থিত। বর্তমানে এটি প্রায় ভরাট হয়ে গেছে। অধিগ্রহনের নতুন প্রস্তাব পাঠানোর ক্ষেত্রে বিধি-নিষেধ থাকায় নতুন ল্যান্ডফিল স্টেশনের প্রস্তাব পাঠানো সম্ভব হচ্ছে না। পরবর্তীতে বিধি-নিষেধ উঠে গেলে নতুন ল্যান্ডফিল স্টেশন স্থাপনা প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে প্রেরণ করা হবে। |

**স্বাস্থ্য বিভাগ**

| উল্লেখযোগ্য সেবাসমূহ | বর্ণনা |
|---|---|
| ইপিআই টিকা | ময়মনসিংহ সিটি কর্পোরেশন সম্প্রসারিত টিকাদান কর্মসূচী(ইপিআই)'র মাধ্যমে নগরীর ৩৩ টি ওয়ার্ডে ১৫৭ টি টিকাদান কেন্দ্রের মাধ্যমে শিশু ও মহিলাদের জীবন রক্ষাকারী গুরুত্বপূর্ণ টিকা প্রদান করে থাকে। তাছাড়া স্বাস্থ্য সুরক্ষায় যেকোন জাতীয় কর্মসূচী ইপিআই'র মাধ্যমে বাস্তবায়ন করা হয়। |
| জন্ম মৃত্যু নিবন্ধন | জন্ম নিবন্ধন একটি নাগরিক অধিকার। জনজীবনে প্রায় ১৪ টিরও অধিক ক্ষেত্রে জন্ম নিবন্ধন প্রয়োজন হয়। জন্ম নিবন্ধনের প্রাপ্ত তথ্যের মাধ্যমে সরকার ঐ এলাকার বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন করে থাকে।<br><br>ময়মনসিংহ সিটি কর্পোরেশন ০৩(তিন) টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সম্মানিত নগরবাসীকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা প্রদান করা হয়। |
| নিরাপত্তা খাদ্য | সুস্থ্য জীবনের জন্য নিরাপদ খাদ্য অত্যাবশ্যকীয়। নগরীতে বিভিন্ন খাদ্য উৎপাদনকারী, মজুদকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান ময়মনসিংহ সিটি কর্পোরেশন |
| শিক্ষার্থীদের মেডিক্যাল চেকআপ | বছরে দুইবার ক্ষুদে ডাক্তারের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষার কার্যক্রমের মাধ্যমে নগরী প্রত্যেকটি স্কুলের শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।<br><br>এছাড়া সম্প্রসারিত টিকাদান কর্মসূচী(ইপিআই)'র মাধ্যমে এবং একটি নগর মাতৃসদন ও তিনটি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমেও শিশুসহ শিক্ষার্থী ও অন্যান্য সেবা প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। |
| অস্বাস্থ্যকর ভবন নিয়ন্ত্রণ | খাদ্য ও স্যানিটেশন কর্মকর্তা এবং বিভিন্ন জোনে কর্মরত স্যানিটারী ইন্সপেক্টরের মাধ্যমে নগরী ভবনসমূহ পরিদর্শনের মাধ্যমে অস্বাস্থ্যকর ভবন চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অস্বাস্থ্যকর ভবন নিয়ন্ত্রণ করা হয়। |
| মশক নিয়ন্ত্রণ | মশক নিয়ন্ত্রণে নগরজুড়ে নিয়মিত স্প্রের মাধ্যমে লার্ভিসাইডিং এবং ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইডিং করা হয়। তাছাড়া ডেঙ্গুর মৌসুমে মশক নিধনে ক্রাশ প্রোগ্রাম এবং ঝোপঝাড় পরিষ্কার করা হয়। |

**সমাজকল্যাণ বিভাগ**

| প্রধান পরিসেবাসমূহ | বর্ণনা |
|---|---|
| সামাজিক সুরক্ষা কর্মসূচি বাস্তবায়ন | • ২০২৩-২০২৪ অর্থবছরে সমাজকল্যাণ বিভাগ হতে অস্বচ্ছল প্রতিবন্ধী মোট ১,১৮৩ জনকে ভাতা প্রদান করা হয়েছে।<br>• ২০২২-২০২৩ অর্থবছরে বয়স্ক ভাতা মোট ১৯৩ জন এবং মা ও শিশু মোট ১৯৮০ জনকে সহায়তা প্রদান করা হয়েছে। |

| | |
|---|---|
| প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের (LIUPC) সময়-সীমা শেষ হওয়ায় কোন কার্যক্রম বাস্তবায়ন হয়নি। |
| কর্পোরেশনের নিজ খরচে নগরীতে দুঃস্থ এবং পরিচয়হীন মৃত ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহের ব্যবস্থা করা | ৬১জন |
| ভিক্ষাবৃত্তি, পতিতাবৃত্তি, জুয়া, মাদকদ্রব্য সেবন, মদ্যপান, কিশোর অপরাধ এবং অন্যান্য সামাজিক অনাচার প্রতিরোধের ব্যবস্থা করা | ভিক্ষাবৃত্তি বন্ধে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। |
| টিসিবি বিক্রয় কার্যক্রম | ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় প্রতি মাস ভিত্তিক মোট ৭০,৪০৫টি পরিবারের মাঝে ভর্তুকিমূল্যে টিসিবি পণ্য বিক্রয় করা হয়ে থাকে। |

**৮. ২০২৩-২৪ অর্থবছরের কার্যক্রম সংশ্লিষ্ট উল্লেখযোগ্য ১০টি ছবি (ক্যাপশন সহ)।**



জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদ্বোধন করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী।



ডেঙ্গু সচেতনতায় শিক্ষার্থীদের মাঝে লিফলেট বিতরণ



মশক নিধনে বিভিন্ন হটস্পটে লার্ভিসাইড প্রয়োগ।



মশক নিধন কার্যক্রমের অংশ হিসেবে এডাল্টিসাইড প্রয়োগ।



ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ক্রাশ প্রোগ্রাম।



জয়নুল আবেদিন পার্কে জনভোগা০ান্তি লাঘবে অভিযান পরিচালনা করা হয়।



জনভোগান্তি লাঘবে অবৈধ দখল উচ্ছেদে অভিযান পরিচালনা করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন



ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে ল্যাবরেটরী স্কুল প্রাঙ্গণে অভিভাবক ছাউনি।





ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে চলমান উন্নয়ন কার্যক্রম

ডেঙ্গু প্রতিরোধে লার্ভা অনুসন্ধান এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম।

(মোঃ ইউসুফ আলী)
যুগ্মসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।
ফোনঃ ০২৯৯৬৬৬৭৪৪৬
E-mail: ceo@mcc.gov.bd